গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.০৮৯.১৯-৪৮৬ তারিখঃ ০৯ আশ্বিন ১৪২৬ / ২৪ সেপ্টেম্বর ২০১৯

বিষয়ঃ মহামান্য হাইকোর্টে দায়েরকৃত কনটেম্পট পিটিশন নং-৫২১/১৯ (রিট পিটিশন নং-৫৩২৪/১৪ হতে উদ্ভুত) এর আদেশের প্রেক্ষিতে কিশোরগঞ্জ জেলার পাকুন্দিয়া উপজেলাধীন কালিয়াচাপড়া চিনিকল উচ্চ বিদ্যালয় (এসএসসি ভোক স্তর) এর এমপিও ২০০৯-১০ অর্থবছর হতে প্রদান।

সূত্র: মহামান্য হাইকোর্ট বিভাগ হতে প্রাপ্ত কনটেম্পট পিটিশন নং-৫২১/১৯।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অবিভক্ত শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক গত ৩১.০৫.২০১০ তারিখের শিম/শা:১৩/ এমপিও-১২/২০০৯/২৯ সংখ্যক স্মারকমূলে ২০০৯-২০১০ অর্থবছরে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক ও কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারি অংশ প্রদানের জন্য কিশোরগঞ্জ জেলার পাকুন্দিয়া উপজেলাধীন কালিয়াচাপড়া চিনিকল উচ্চ বিদ্যালয় (এসএসসি ভোক স্তর) এমপিওভুক্ত প্রতিষ্ঠান হিসেবে নির্বাচিত করা হয়।

০২। পরবর্তীতে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক গত ১৬.০৬.২০১০ তারিখের শিম/শা:১৩/এমপিও-১২/২০০৯/২২৯ মূলে বর্ণিত প্রতিষ্ঠানের এমপিওভুক্তির আদেশ বাতিল করা হয়। এর ফলে উক্ত প্রতিষ্ঠানের অধ্যক্ষ কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৫৩২৪/২০১৪ মামলা দায়ের করা হয়। উক্ত মামলায় মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক ১১.০৯.১৪ তারিখে নিম্নরূপ রায়/আদেশ প্রদান করা হয়-

"The respondents concerned are hereby directed to include the name of the said institution in the list of MPO for the financial year 2009-2010 provided it fulfills the requirements as stipulated in the "বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ) এর শিক্ষক ও কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারি অংশ প্রদান এবং জনবল কাঠামো সম্পর্কিত নির্দেশিকা" ২০১০, (in short, the Janabal Kathamo, 2010)", within a period of 90 (ninety) days from date of receipt of the copy of the judgment and order।

০৩। উক্ত রায়ের আলোকে অবিভক্ত শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক গত ১৫.০২.১৬ খ্রি. তারিখের ৩৭.০০.০০০০.০৭৪.২৯.০০৭.১৫(অংশ-১).৭১ সংখ্যক স্মারকমূলে বর্ণিত প্রতিষ্ঠানটিকে এমপিওভুক্ত করা হয় । পরবর্তীতে DTE কর্তৃক বর্ণিত প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীগণের অনুকূলে মার্চ/১৭ মাসে বেতন ভাতা (এমপিও) ছাড় করা হয় মর্মে এমপিও শীট হতে দেখা যায় । উক্ত প্রতিষ্ঠানটি মার্চ/১৭ মাস হতে এমপিওভুক্ত হয়ে বর্তমানে চালু রয়েছে।

০৪। বর্ণিত রিট মামলায় গত ১১.০৯.১৪ তারিখের রায়/আদেশ ইচ্ছাকৃতভাবে লঙ্ঘন করায় পিটিশনার কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে কনটেম্পট পিটিশন নং-৩৫২/২০১৯ দায়ের করা হয়। আলোচ্য কনটেম্পট মামলায় Contemnor Respondent- হলেন Mr. Munshi Shahabuddin, Secretary, TMED, Ministry of Education এবং Rawnok Mahmud, Director General, DTE.

০৫। এক্ষণে, কনটেম্পট মামলার বিষয়টি নিষ্পত্তির পূর্বে নিম্নের বিষয়গুলো স্পষ্ট হওয়া প্রয়োজন:

ক. শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক গত ১৫.০২.১৬ খ্রি. তারিখের ৩৭.০০.০০০০.০৭৪.২৯.০০৭.১৫(অংশ-১).৭১ সংখ্যক স্মারকমূলে কিশোরগঞ্জ জেলার পাকুন্দিয়া উপজেলাধীন কালিয়াচাপড়া চিনিকল উচ্চ বিদ্যালয় (এসএসসি ভোক স্তর) এর এমপিওভুক্তির আদেশ জারি করা হয়েছে। সেমতে DTE কর্তৃক মার্চ/১৭ মাসে এমপিও চালু করা হয়। উক্ত সময়ের পার্থক্যের বিষয়ে পিটিশনারের কোন আপত্তি ছিল কিনা?

খ. শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক এমপিওভুক্তির বিষয়ে জারিকৃত আদেশে স্পষ্টভাবে উল্লেখ ছিল যে, "এমপিওভুক্তির এ আদেশ জারির তারিখ হতে কার্যকর হবে"। সুতরাং এমপিওভুক্তির আদেশ হয়েছে ১৫.০২.১৬. তারিখে যা মহামান্য হাইকোর্টের আদেশের অনুরূপ ছিল না। এমপিওভুক্তির আদেশ কোর্টের আদেশের অনুরুপ না হওয়া সত্ত্বেও মন্ত্রণালয়ের আদেশের (এমপিওভুক্তি বিষয়ে) বিষয়ে পিটিশনারের কোন আপত্তি ছিল কীনা?

গ. এমপিওভুক্তির আদেশের দীর্ঘ ০৩ বছর পর পূর্ণাঙ্গ রায় (২০০৯-২০১০ অর্থবছর হতে) বাস্তবায়নের জন্য পিটিশন করার কারণ কী?

ঘ দীর্ঘ প্রায় ০৩ বছর পর্যন্ত অব্যাহতভাবে এমপিও পাওয়ার পর এবং কোনরুপ আপত্তি উত্থাপন না করেই প্রায় ০৩ বছর পর পূর্ণাঙ্গ রায় বাস্তবায়নের (২০০৯-২০১০ অর্থবছর হতে) জন্য পিটিশন দাখিল আইন অনুযায়ী গ্রহণযোগ্য কীনা? (ট্রেজারি রুল এর এস.আর ৬১ এর বিধানের আলোকে)

ঙ. পূর্ণাঙ্গ রায় অর্থাৎ ২০০৯-২০১০ অর্থবছর হতে বকেয়া প্রাপ্তির পিটিশন দেরীতে করার কারণে আইনগত সুবিধা/অসুবিধাগুলো কী কী?

চ. দীর্ঘ ০৩ বছর যাবৎ এমপিও পাওয়ার পর তখন কোন আপত্তি না করে ০২ বছর পর আপত্তি উত্থাপিন estoppel এর আওতায় পড়বে কীনা?

০৬। এমতাবস্থায়, কনটেম্পট মামলার জবাব প্রদানের লক্ষে বিষযটি স্পষ্টিকরণের নিমিত্ত উপরি-উক্ত চাহিত তথ্যাদির বিষয়ে জবাব আগামী ~~০৩.১০.১৯~~ খ্রি. তারিখের মধ্যে টিএমইডিতে প্রেরণের জন্য নির্দেশক্রমে মহোদয়কে বিনীত অনুরোধ করা হলো।

(মো: আ: খালেক মিঞা)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন: ৪১০৫০১৫৭

মহাপরিচালক,
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (এ আদেশটি ওয়েব-সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৩। অতিরিক্ত সচিব/যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪। অফিস কপি/মাস্টার কপি।